গাংনীতে আদর্শ শিক্ষক ফেডারেশনের ইফতার মাহফিল

পবিত্র মাহে রমজানের তাৎপর্য ও ধর্মীয় চেতনা জাগ্রত করতে মেহেরপুরের গাংনীতে বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন, গাংনী উপজেলা শাখার উদ্যোগে এক আড়ম্বরপূর্ণ ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে গাংনী কেন্দ্রীয় ঈদগাহ মাঠে আয়োজিত এ মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও মেহেরপুর জেলা জামায়াতের আমির মাওলানা তাজ উদ্দিন খান। প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য নাজমুল হুদা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা জামায়াতের আমির মোঃ রবিউল ইসলাম। এছাড়াও মেহেরপুর জেলা আদর্শ শিক্ষক ফেডারেশনের সভাপতি আল আমিন ইসলাম (বকুল) বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা আদর্শ শিক্ষক ফেডারেশনের সভাপতি আবুল হাশেম।

ইফতার মাহফিলে বক্তারা বলেন, রমজান হলো আত্মশুদ্ধি, সংযম ও মানবিক মূল্যবোধ গঠনের এক মহিমান্বিত মাস। এ মাসের শিক্ষা কাজে লাগিয়ে ব্যক্তি ও সমাজজীবনে ন্যায়-নীতি, সততা ও ভ্রাতৃত্ববোধ প্রতিষ্ঠার ওপর গুরুত্বারোপ করেন তারা। পাশাপাশি দেশের শিক্ষা ব্যবস্থার উন্নয়ন ও নৈতিক শিক্ষার প্রসারে শিক্ষক সমাজকে আরও দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানান।

এ সময় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, শিক্ষক, সাংবাদিকসহ স্থানীয় আদর্শ শিক্ষক ফেডারেশনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতারের পূর্বে দেশ, জাতি ও মুসলিম উম্মাহর শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন নিয়মিতভাবে এ ধরনের ধর্মীয় ও সামাজিক কর্মসূচি আয়োজন করে আসছে, যা সমাজে সৌহার্দ্য ও সম্প্রীতি বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

রমজানের শিক্ষায় সবাইকে নিয়ে দেশ গঠনে অঙ্গীকারবদ্ধ এনসিপি

মেহেরপুরের পিরোজপুর ইউনিয়নে রোজাদারদের অংশগ্রহণে এনসিপির দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অ্যাডভোকেট সাকিল আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “রমজানের শিক্ষায় সবাইকে নিয়ে দেশ গঠনে কাজ করবে এনসিপি।” এই মহৎ উদ্দেশ্যে এনসিপি সর্বদা মানুষের পাশে থেকে সহনশীলতা ও ঐক্যের বার্তা ছড়িয়ে দিতে বদ্ধপরিকর।

উক্ত মাহফিলে সভাপতিত্ব করেন পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী আব্দুস সালাম।

ইফতারের পূর্ব মুহূর্তে এক বিশেষ মোনাজাতের মাধ্যমে দেশ ও মুসলিম উম্মাহর শান্তি কামনা করা হয়।

দর্শনা প্রেসক্লাবের আয়োজনে ইফতার মাহফিল অনুষ্ঠিত

দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির আয়োজনে গতকাল শনিবার ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত ইফতার মাহফিলে উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি মনিরুজ্জামান ধীরু।

এ সময় উপস্থিত ছিলেন দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাবেক সভাপতি জাহিদুল

ইসলাম, সাংবাদিক সমিতির সহ-সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবিব মামুন, চঞ্চল হেমমুদ, ওয়াসিম রয়েল, সাংবাদিক রাজিব মল্লিক, ইমতিয়াজ রয়েল, হাসমত আলী, মোস্তাফিজুর রহমান কচি, কামরুজ্জামান যুদ্ধ, রিফাত রহমান, শ্রী সুকমল বাঁধন, সাব্বির আলিম, ফারাদ হোসেন ও আব্দুল হান্নান।

মুজিবনগরের মোনাখালী ইউনিয়ন জামায়াতের ইফতার মাহফিল

বাংলাদেশ জামায়াতে ইসলামী মোনাখালী ইউনিয়ন শাখার আয়োজনে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার উপজেলার আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুর প্রাঙ্গণে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

মোনাখালী ইউনিয়ন জামায়াতে ইসলামীর আমীর মুখলেছুর রহমানের সভাপতিত্বে এবং ইউনিয়ন সেক্রেটারি রাকিব ফরহাদের পরিচালনায় ইফতার মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের শুরা ও কর্মপরিষদ সদস্য এবং জেলা বায়তুলমাল সেক্রেটারি জারজিস হুসাইন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা জামায়াতের আমীর ও মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী খানজাহান আলী, মুজিবনগর উপজেলা জামায়াতের নায়েবে আমীর ও দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী ফিরাতুল ইসলাম নাইম, মুজিবনগর উপজেলা জামায়াতের সেক্রেটারি খাইরুল বাসার, উপজেলা শ্রমিক কল্যাণ পরিষদের সভাপতি ফজলুল হক গাজী, পেশাজীবী সংগঠনের উপজেলা সেক্রেটারি মোশাররফ হোসেন এবং উপজেলা বায়তুলমাল সেক্রেটারি আমির হোসেন।

অনুষ্ঠানে বক্তারা বলেন, রোজার শিক্ষা গ্রহণ করে হানাহানি ও মারামারি ভুলে সবাইকে সমাজে শান্তিপূর্ণভাবে বসবাস করতে হবে। রমজান মাসের এক মাসের প্রশিক্ষণ নিয়ে বাকি ১১ মাস সেই শিক্ষার আলোকে চলতে হবে।

ইফতার মাহফিলে ইউনিয়ন জামায়াতে ইসলামীর বিভিন্ন পর্যায়ের

দামুড়হুদায় ইউনিয়ন ছাত্রদলের ইফতার মাহফিল

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হাউলি ইউনিয়ন ছাত্রদলের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকেলে লোকনাথপুর স্কুল প্রাঙ্গণে এই ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

হাউলি ইউনিয়ন ছাত্রদলের সভাপতি ফারুক হোসাইন বাবুর সভাপতিত্বে অনুষ্ঠিত ইফতার মাহফিলে ইউনিয়ন ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। এ সময় পবিত্র মাহে রমজানের তাৎপর্য তুলে ধরে দেশ ও জাতির কল্যাণ কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত বক্তারা বলেন, রমজান মাস মানুষকে সংযম, সহমর্মিতা ও মানবিকতার শিক্ষা দেয়। এ ধরনের আয়োজন পারস্পরিক সৌহার্দ্য ও ভ্রাতৃত্ববোধকে আরও দৃঢ় করে।

ইফতার মাহফিলে স্থানীয় মুসল্লি ও ছাত্রদলের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন হাউলি ইউনিয়ন ছাত্রদলের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক তামিম হোসেন, সাংগঠনিক সম্পাদক ফারুক মল্লিক, সহ-সাংগঠনিক সম্পাদক রকিবুল ইসলাম রকিসহ ইউনিয়ন ও বিভিন্ন ওয়ার্ডের ছাত্রদলের নেতাকর্মীরা। দোয়া পরিচালনা করেন মিরাজ আলী।

দামুড়হুদায় ইউনিয়ন বিএনপির উদ্যোগে ইফতার মাহফিল

দামুড়হুদার জুড়ানপুর ইউনিয়ন বিএনপির আয়োজনে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেলে কলাবাড়ি হাই স্কুল মাঠে এ ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

ইউনিয়ন বিএনপির সভাপতি ও ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ইদ্রিস আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত ইফতার মাহফিলে দল-মত নির্বিশেষে ইউনিয়ন এলাকার শত শত মানুষ উপস্থিত ছিলেন।

ইফতার মাহফিলের সার্বিক আয়োজন করেন ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক রুহুল আমিন।

দর্শনা কলেজপাড়া ঈদগাঁ কমিটির আয়োজনে ইফতার মাহফিল

দর্শনা কলেজপাড়া ঈদগাঁ কমিটির আয়োজনে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বুধবার দর্শনা সরকারি কলেজ একাডেমি ভবনের সামনে এ ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

কলেজপাড়া ঈদগাঁ কমিটির সভাপতি ও জেলা শ্রমিক দলের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম তরফদারের সভাপতিত্বে ইফতার মাহফিলে অংশ নেন দর্শনার সাবেক মেয়র আতিয়ার রহমান হাবু, ঈদগাঁ কমিটির সাধারণ সম্পাদক সাবেক অধ্যক্ষ আজিজুর রহমান, দর্শনা থানার অফিসার ইনচার্জ মেহেদী হাসান, সাবেক শ্রমিক নেতা আতিয়ার রহমান আতা, বীর মুক্তিযোদ্ধা আনোয়ার হোসেন, সাবেক পুলিশ কর্মকর্তা খালিদ হোসেন এবং দর্শনা সরকারি কলেজের সাবেক ভিপি হারুন অর রশিদ।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আব্দুল গনি মাস্টার, ইদ্রিস আলী, মিরাজ উদ্দিন ও রাজু নাতি প্রমুখ। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন নাজমুল হুদা।

[redacted]

[redacted]

আলমডাঙ্গায় খেলাফত মজলিসের ইফতার মাহফিল

আলমডাঙ্গায় খেলাফত মজলিসের উদ্যোগে আলোচনা সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। খেলাফত মজলিস আলমডাঙ্গা উপজেলা শাখার আয়োজনে “খেলাফত প্রতিষ্ঠার লক্ষ্যে গণআন্দোলন গড়ে তুলুন” এবং রমজানের গুরুত্ব ও তাৎপর্য শীর্ষক এ আলোচনা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

সোমবার বিকাল ৫টার দিকে আলমডাঙ্গা চারতলা মোড়ের সেফ অ্যান্ড সুপার রেস্টুরেন্টে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন খেলাফত মজলিস উপজেলা শাখার সভাপতি মাওলানা আনিসুর রহমান।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খেলাফত মজলিসের কেন্দ্রীয় নায়েবে আমির ও কুষ্টিয়া জোন পরিচালক অধ্যাপক মাওলানা সিরাজুল ইসলাম। তিনি বলেন, দেশের ইসলামী ও সমমনা রাজনৈতিক শক্তিগুলোর মধ্যে পারস্পরিক আস্থা, সংহতি ও ঐক্য আজ সময়ের অপরিহার্য দাবি। বিভক্তি বা মতানৈক্য জাতির কোনো কল্যাণ বয়ে আনতে পারে না। বরং জাতীয় স্বার্থে এবং জনগণের প্রত্যাশা পূরণে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও কুষ্টিয়া জোন পরিচালক, সাবেক ব্যাংকার সিরাজুল ইসলাম। তিনি বলেন, যে চেতনা ও প্রত্যাশা নিয়ে জুলাই আন্দোলন সংগঠিত হয়েছিল, সেই চেতনার বাস্তব প্রতিফলন ঘটাতে হলে রাজনৈতিক দল, যুব সংগঠন এবং সচেতন নাগরিক সমাজকে সম্মিলিতভাবে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। যুবসমাজই জাতির ভবিষ্যৎ ও পরিবর্তনের প্রধান শক্তি। তাই দেশের কল্যাণে, ন্যায়ভিত্তিক সমাজ গঠনে এবং ইসলামী মূল্যবোধ প্রতিষ্ঠায় সমাজকে অগ্রণী ভূমিকা রাখতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি মাওলানা মনিরুজ্জামান, আলমডাঙ্গা উপজেলা শাখার সভাপতি আকরাম হোসাইন, কুষ্টিয়া জেলা যুব মজলিসের সেক্রেটারি হাফেজ মো. শফিউল ইসলাম, বাড়াদী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও বিশিষ্ট সমাজসেবক মনিরুজ্জামান মনি এবং জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ ইমাম মাওলানা মো. আবুল বাশার।

আলহাজ্ব জাকারিয়া হাবিবের উপস্থাপনায় অনুষ্ঠানে আরও বক্তব্য

রাখেন আলমডাঙ্গা নাগরিক উন্নয়ন কমিটির সাংগঠনিক সম্পাদক শরিফুল ইসলাম পিন্টু এবং সরকারি কলেজের প্রভাষক মো. আব্দুল হাই।

অনুষ্ঠান শেষে দোয়া মাহফিল পরিচালনা করেন মাওলানা মো. ইসহাক আলী।

কুষ্টিয়ায় বাংলাদেশ খেলাফত মজলিসের ইফতার মাহফিল

বাংলাদেশ খেলাফত মজলিস কুষ্টিয়া জেলা শাখার উদ্যোগে পবিত্র মাহে রমজান উপলক্ষে ইফতার মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার কুষ্টিয়া শহরের তাজ ইন হোটেল অ্যান্ড পার্টি সেন্টারে আয়োজিত এ অনুষ্ঠানে বিভিন্ন ইসলামী ও রাজনৈতিক সংগঠনের নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।

বাংলাদেশ খেলাফত মজলিস কুষ্টিয়া জেলা শাখার সভাপতি মাওলানা আব্দুল লতিফ খানের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মাওলানা আরিফুজ্জামানের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সূরা সদস্য ও জেলা জামায়াতের সাবেক নায়েবে আমীর ফরহাদ হুসাইন।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বাংলাদেশ খেলাফত মজলিসের কেন্দ্রীয় নায়েবে আমীর অধ্যাপক সিরাজুল ইসলাম, বাংলাদেশ খেলাফত মজলিসের সাংগঠনিক সম্পাদক আব্দুল হাকিম, সহ-সেক্রেটারি ফরিদ উদ্দিন এবং ইসলামী আন্দোলন বাংলাদেশের জেলা পর্যায়ের নেতৃবৃন্দসহ অন্যান্য অতিথিরা।

বক্তারা বলেন, পবিত্র মাহে রমজান মানুষকে তাকওয়া ও আত্মশুদ্ধির শিক্ষা দেয়। রমজানের এই শিক্ষা ধারণ করে সমাজে ন্যায়নীতি ও ইসলামী মূল্যবোধ প্রতিষ্ঠায় সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান তারা।

বক্তারা আরও বলেন, “আমরা ইনসাফভিত্তিক একটি রাষ্ট্র প্রতিষ্ঠা

করতে চাই। ইসলামের ন্যায়ভিত্তিক সমাজব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে বাংলাদেশ খেলাফত মজলিস কাজ করে যাচ্ছে।”

আলোচনা শেষে দেশ, জাতি ও মুসলিম উম্মাহর শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। পরে উপস্থিত অতিথিদের সম্মানে ইফতার পরিবেশন করা হয়।